R. N. No. 2532/57

Phone No. RGG.112

Regd No.—WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাকশন সিন্ডিকেট
একমাত্র ছাপা-ব্লকের রূপ ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )

সমস্ত প্রকার রোগ নির্ণয় ও
নিরাময় করা হয়
ডাঃ অমল সরকার
বি-এস সি, এম, বি, বি, এস
এক্স-হাউস সার্জেন
স্ত্রীরোগ ও প্রসূতি বিভাগ
রঘুনাথগঞ্জ পাকুড়তলা
জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর পার্শ্বে
বসিবার স্থান : কমলা ফার্ম্মেসী, দরবেশ-
নগর, সময় : সোম-শনি সকাল ৭টা
১১টা, পাকুড়তলা : সোম-শনি বৈকাল
৪টা-৭টা, রবি সকাল ৭টা-১১টা।

৩৪শ বর্ষ
৪৯শ সংখ্যা

রঘুনাথগঞ্জ ২১শে বৈশাখ বুধবার, ১৩৯৫ সাল।
৪ঠা মে, ১৯৮৮ সাল।

নগদ মূল্য : ৪০ পয়সা
বার্ষিক ২০৲

## টাওয়ারের কাজে দায়িত্বজ্ঞানহীন গাফিলতি

রঘুনাথগঞ্জ : গত ১ মার্চ সামান্য ঝড়ে মুর্শিদাবাদ জেলার কয়েকটি স্থানের সাথে জঙ্গিপুর ফরাকার মধ্যে ১৫টি বিদ্যুৎ টাওয়ার বিপর্যস্ত হয়। তারফলে পুরো একমাস মানুষের হয়রানির একশেষ হয়। সেই গণ্ডগোলেরই ফলশ্রুতি নদীয়া জেলায় পুলিশের গুলিতে কৃষকের মৃত্যু। বিদ্যুৎ মন্ত্রী বলেন—স্থানীয় ঠিকাদারদের লোভের মারাত্মক ফল ঐ বিপর্যয়। সে কারণে অন্য জেলার ঠিকাদার দিয়ে মেরামতের কাজ করানোর আদেশ দেন। সেই অনুযায়ী বর্দ্ধমানের সামন্ত ইনড্রাসট্রিজকে কাজের ভার দেওয়া হয়। কিন্তু কাজ সেরে তাঁরা চলে যাওয়ার পর অভিযোগ উঠেছে মেরামতের কাজ ত্রুটিমুক্ত নয়। অনেক টাওয়ারের এ্যাঙ্গেলে জয়েন্ট ঠিকমত লাগানো হয়নি এবং নাটবল্টুও পরিমাণ মত নেই! যে কোন মুহূর্ত্তে পূর্ব্বের মত বিপর্যয় দেখা দিতে পারে। মুর্শিদাবাদের এস পি, এ্যাডিঃ এস পি, বিদ্যুৎ বিভাগের ডিভিসনাল ইঞ্জিনিয়ার এবং জঙ্গিপুরের সি আই অফ পুলিশ গত ২৬, ২৭, ২৮ এপ্রিল টাওয়ারগুলি সরজমিনে পরিদর্শন করেন। তদন্তে প্রত্যেকটি টাওয়ারে ত্রুটি ধরা পড়ে। পুলিশ থেকে ত্রুটিপূর্ণ টাওয়ারগুলির ছবি তুলে রাজ্য বিদ্যুৎ দপ্তরও মহাকরণে অবগতির জন্য পাঠানো হবে। এ ব্যাপারে ডিভিসনাল ইনজিনিয়ারের কৈফিয়ৎ—দ্রুতগতিতে কাজ করার ফলে ঐ ত্রুটিগুলি থেকে গেছে। এবং সামন্ত ইনড্রাসট্রিজের পরিচালক সাধন সামন্তকে চিঠি দেওয়া হয়েছে। তিনি খুব শীঘ্র ত্রুটিগুলি দূর করার ব্যবস্থা নিচ্ছেন বলে জানিয়েছেন। অপর দিকে পুলিশের এক মুখপাত্র জানান— ত্রুটিপূর্ণ টাওয়ারগুলো ভেঙ্গে বিপদ ঘটালে বিদ্যুৎ বিভাগ ওই একই অভিযোগ তুলতেন যে ক্রমাগত চুরির ফলে টাওয়ার বিপর্য্যয় ঘটছে। পুলিশ কিছুই করতে পারছে না। এই পরিস্থিতি থেকে রেহাই পেতেই তাঁরা টাওয়ারগুলোর দিকে সজাগ দৃষ্টি রেখেছেন। তিনি আরো জানান. ফরাক্কা থানা এলাকায় ৪টি, (শেষ পৃষ্ঠায়)

## গরু চুরি করে জোরপূর্ব্বক টাকা আদায় করা হচ্ছে

নিজস্ব সংবাদদাতা : রঘুনাথগঞ্জ ও সাগরদীঘি থানা অঞ্চলে গরু মোষ চুরির হিড়িক পুনরায় ব্যাপকভাবে দেখা দিয়েছে। খবরে প্রকাশ, রঘুনাথগঞ্জ ২ ব্লকের গঙ্গাপ্রসাদ ও হাটপাড়া গ্রামের বেশকিছু সমাজবিরোধী এই গরু চুরির নায়ক। এ ছাড়াও ট্রাক ও পায়ে হাঁটা পথে বাংলাদেশে গরু পাচারের ঘটনা এ অঞ্চলের মানুষের গা সওয়া হয়ে গেছে। পুলিশের চোখের সামনে ও বি এস এফের মদতে গরু চালান এতদঞ্চলে এক অর্থকরী ব্যবসা হয়ে দাঁড়িয়েছে—সীমান্তবর্ত্তী গ্রামের মানুষের অভিযোগ। এইসব কারবারের পাণ্ডা শহর ও গ্রামের কিছু ধনী ও প্রভাবশালী ব্যক্তি। এদের প্রচ্ছন্ন মদতেই গরু পাচারকারীরা নির্ভয়ে কাজ কারবার চালাচ্ছে। স্থানীয় রাজনৈতিক দলগুলিও ভোটব্যাঙ্কের দিকে নজর রেখে এদের গোপন মদত যোগায়। সম্প্রতি এইসব দুষ্কৃতকারীরা পয়সা রোজগারের এক নতুন পদ্ধতি আবিষ্কার করেছে। প্রথমে গরু অপহরণ করে তারপর টাকার বিনিময়ে তা ফেরৎ দেওয়া হয়। খবর, সাগরদীঘি থানার ফুলবাড়ী গ্রাম থেকে গত ২৭ এপ্রিল একজোড়া বলদ চুরি যায়। গঙ্গাপ্রসাদের লোকেরা চুরি করেছে বলে গরুর মালিক খবর পান। পরে তাঁর কাছে প্রস্তাব দেওয়া হয় দুহাজার টাকা দিলে গরু ঘরে পৌছে যাবে। এই ঘটনার (শেষ পৃষ্ঠায়)

## এ্যাডভোকেটের বিরুদ্ধে রেকর্ড ট্যাম্পারিঙের অভিযোগ

রঘুনাথগঞ্জ : জঙ্গিপুর সাবডিভিসনাল জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেটের আদালতে জি আর ২১৬/৮৮ নং এক ফৌজদারী মোকর্দ্দমার রেকর্ড ট্যাম্পারিং এর অভিযোগ আনা হয়েছে এ্যাডভোকেট সমীর চক্রবর্ত্তীর বিরুদ্ধে। মাননীয় জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেট উক্ত নথি সম্বন্ধে এক অর্ডারে লিখেছেন শ্রীচক্রবর্ত্তী ভয় দেখিয়ে জি আর ও-র কাছ থেকে রেকর্ড নিয়ে উক্ত মোকর্দ্দমার অন্যতম আসামী আবদুল গণির বিরুদ্ধে অভিযোগগুলিকে কাটছাট করেছেন। এই অর্ডারের কপি আদালত জেলা জজের কাছে পাঠিয়ে উক্ত বিষয়ে কি করণীয় তার নির্দ্দেশ চেয়েছেন। এস পি মুর্শিদাবাদকেও এক কপি অর্ডার আদালত থেকে পাঠানো হয়েছে। জঙ্গিপুর বার এ্যাসোশিয়েসনের কাছেও (শেষ পৃষ্ঠায়)

## অনুদানের টাকা আত্মসাতের অভিযোগ

জঙ্গিপুর : সম্প্রতি রঘুনাথগঞ্জ ২নং ব্লকের লক্ষ্মীজোলা গ্রাম পঞ্চায়েতের রঘুনাথপুর গ্রামের জনৈক চর্ম শিল্পী রণজিৎ রবিদাসের নামে ৪৫০ টাকা শিল্পী অনুদান মঞ্জুর হয়। সেই টাকা গত ৬ অক্টোবর তাঁকে বিলি করা হয়েছে দেখানো হয়। রণজিতের টিপসহিতে ত্রাণ দপ্তরের কর্মাধ্যক্ষ মোজাম্মেল হকের সাক্ষ্য আছে বলেও জানা যায়। কিন্তু গত ২৭ এপ্রিল শ্রীরবিদাস বিডিও-র কাছে এক লিখিত অভিযোগ জানান তিনি কোন টাকা পাননি। তদুপরি তিনি নিরক্ষর নন। নিজের নাম সহি করতে পারেন। শ্রীরবিদাস বিডিও, মহকুমা শাসক ও জেলা শাসকের কাছে পুরো ঘটনা জানিয়ে তদন্ত দাবী করেন।

পুনরায় জনতা চা : প্রতি কেজি ২৫-০০টাকা
চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ১৬

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

২১শে বৈশাখ বুধবার ১৩৯৫ সাল

## প্রাক্ রবীন্দ্র জয়ন্তী

২৫শে বৈশাখ আসিয়া পড়িল। প্রতি বৎসর এই দিন আসে, চলিয়া যায়; ভবিষ্যতেও আসিতে থাকিবে। প্রজন্মের পর প্রজন্ম এই দিনটিতে স্মরণ করিবে বিশ্বের বিস্ময় কবিশ্রেষ্ঠ রবীন্দ্রনাথকে—যিনি নিজেকে কবি মাত্র পরিচয়েই চিহ্নিত করিতে চাহিয়াছেন, কিন্তু প্রমাণ করিয়াছেন অন্যতম শ্রেষ্ঠ চিন্তাবিদ্ হিসাবেও। আজিকার দিনে সর্বক্ষেত্রেই রবীন্দ্রনাথ ওতপ্রোতভাবে জড়িত। কবিগুরুর আবির্ভাব এক উন্নত সংস্কৃতির ক্ষেত্র হইতে। কাব্য-কবিতা, শিল্প-সংস্কৃতি, ধর্ম-দর্শন ও জাতীয় জাগৃতির এক মহান্ ভিত্তিভূমি হইতে তিনি উদ্ভূত হন। তাই তাঁহার মধ্যে এক সুবিশাল পরিমণ্ডল—শিক্ষা-দীক্ষা, মার্জিত সাংস্কৃতিক চেতনা, উচ্চ ধর্মাদর্শ, বিপুল স্বাদেশিকতা এবং কাব্যিক ধ্যানভাবনা গড়িয়া উঠিয়াছিল, তাই নির্দিষ্ট কিছু দিয়া তাঁহার মনন-চেতনাকে বাঁধিয়া রাখা যায় নাই। তিনি ছিলেন বিশ্ববিদ্যার এক প্রাণবন্ত দিশারী। তাঁহার কাব্যের উৎস মুখ কৈশোর কাল হইতে খুলিয়া ক্রমশঃ এক দুনিবার স্রোতধারায় অগ্রসর হইতে থাকিলেও নাটক, প্রবন্ধ, সরস রচনা, গল্প, উপন্যাস, সমালোচনা, সঙ্গীত, শিশুদের সাহিত্য প্রভৃতি নানা বিষয়ে তাঁহার উন্নত বিস্ময়কর অবদান সমগ্র জগৎকে চমৎকৃত করিল। বিশ্বের বিশিষ্ট প্রতিভার দরবারে তাঁহার আসন সুপ্রতিষ্ঠিত হইল। কবিগুরুর দেশাত্মবোধ এবং বিশ্বাত্মবোধ বিশেষ বৈশিষ্ট্যমণ্ডিত। তাঁহার গঠনমূলক কার্যের উজ্জ্বল সাক্ষ্য প্রদান করিতেছে শান্তিনিকেতন—বিশ্বভারতী। তাঁহার শ্রীনিকেতন প্রতিষ্ঠান দেশীয় কৃষি ও শিল্পের উন্নতি সাধনের স্বাক্ষর দিতেছে। অজস্র সহস্রবিধ চরিতার্থতায় পূর্ণ কবির জীবন। এমন বহুমুখী প্রতিভা ও বহুমুখী কর্মধারায় এক নিটোল ব্যক্তিত্ব পৃথিবীর ইতিহাসে দুর্লভ।

কবিগুরুর ১২৬তম জন্ম জয়ন্তীর প্রাক্ লগ্নে আমরা তাঁহার প্রতি প্রণতি জ্ঞাপন করিতেছি।

## চিঠি-পত্র

( মতামত পত্র লেখকের নিজস্ব )

লোকশিল্পী নির্ব্বাচন প্রসঙ্গে

মহাশয়,

আপনার ২৩শে এপ্রিল, '৮৮ তারিখের পত্রিকায় 'লোকশিল্পী নির্বাচনে জঙ্গিপুর মহকুমা এবারও বাদ পড়লো' শীর্ষক খবরের ক্ষেত্রে কিছু ভ্রান্তি নিরসনের জন্য এই চিঠির অবতারণা। ক) সংবাদে লেখা হয়েছে এবারও জঙ্গিপুর মহকুমার লোকশিল্পীরা সম্মান ও সাম্মানিক ভাতা থেকে বঞ্চিত হলেন—এ বিষয়টি বোধগম্য হয়নি কারণ বর্তমান বৎসরে জেলার লোকশিল্পীদের অনুদান এখনও প্রদান করা হয়নি। এমন যদি হয় যে, ঐ মহকুমা থেকে কোন লোকশিল্পী আবেদনই না করে থাকেন, সেক্ষেত্রে অবশ্য কিছুই করণীয় নেই। কারণ এক্ষেত্রে যা দেয়া হয় তা সাম্মানিক—দক্ষিণা নয়, অনুদান এবং অনুদানের জন্য অবশ্যই আবেদন করতে হবে। খ) দ্বিতীয়তঃ আঞ্চলিক লোক সাংস্কৃতিক অনুষ্ঠানের জন্য জঙ্গিপুর মহকুমার কোন শিল্পীকে মানানীত করা হয়নি একথাও ঠিক নয়। একজন হাত পুতুল শিল্পীই শুধু নয়, ১২ জন আলকাপের একটি দলকেও জঙ্গিপুর মহকুমা থেকে নেয়া হবে বলে সিদ্ধান্ত নেয়া হয়েছে এবং মহকুমা তথ্য ও সংস্কৃতি আধিকারিক, জঙ্গিপুরকে ঐ দল নির্বাচন করতে বলা হয়েছে।

ভবদীয়,

( উৎপল ঝা )

জেলা তথ্য ও সংস্কৃতি

আধিকারিক, মুর্শিদাবাদ

তারিখ : ২৬.৪-৮৮

[ আমরা যে সংবাদ পেয়েছি তাতে অন্যান্য বছরে জেলার একমাত্র জঙ্গিপুর মহকুমা বাদে লোকশিল্পীদের আহ্বান করে সাম্মানিক ভাতা দেওয়া হয়েছে। কিন্তু জঙ্গিপুরের কোন লোকশিল্পীকে সাম্মানিক দেওয়া হয়নি। এ বছর এখনও কেউ আমন্ত্রিত না হওয়ায় এবং সে ব্যাপারে যোগাযোগের সংবাদ না পাওয়ায় আমরা ওই অভিযোগ আনতে বাধ্য হয়েছি। আপনি লিখেছেন অনুদান পেতে হলে আবেদন করা প্রয়োজন। লোকশিল্পীরা প্রায় সকলেই অর্দ্ধ শিক্ষিত গ্রামবাসী, তাঁদের মধ্যে সঠিক প্রচার না হলে অনুদানের জন্য আবেদনের পন্থাপদ্ধতি তাঁরা জানবেন কি করে? আমাদের অনুরোধ আপনার দপ্তর থেকে এ ব্যাপারে যথাযথ প্রচার ব্যবস্থা নেওয়া হোক। ১২ জন আলকাপের একটি দলকে জঙ্গিপুর মহকুমা থেকে নেওয়ার সিদ্ধান্তকে আমরা আন্তরিক শুভেচ্ছা জানাচ্ছি। মুর্শিদাবাদের সুপ্রাচীন লোকগীতি পানসই এর একটি দলকেও আমন্ত্রণ জানানোর জন্য অনুরোধ জানাচ্ছি।

—সম্পাদক]

## পঁচিশে বৈশাখ

দেবাশিস্ বন্দ্যোপাধ্যায়

কেন জানি না  
বৈশাখের এই ভোরকে  
এত আপন মনে হয়  
মনের মধ্যে জেগে ওঠে  
এক আনন্দ  
যার কোনো তুলনা নেই  
একটু একটু ক'রে কৃষ্ণচূড়ার  
ঠোঁট হয় লাল  
রাধাচূড়ার অঙ্গে উড়ে  
বাসন্তী উত্তরীয়  
ধীরে ধীরে এগিয়ে আসে  
একটি দিন  
পঁচিশে বৈশাখ।  
পঁচিশে বৈশাখকে চিনে নেওয়া  
সহজ  
যেমন সহজ অনুভব করা  
তোমার টান  
পূর্বগগন জুড়ে দিনের  
প্রথম আলোর শঙ্খধ্বনি  
ভোরের বাতাস হয়ে ওঠে গান।  
এই পরিবেশেই আন্দোলিত হয়  
ভৈঁরোর কোমল রেখাব  
কোমল ধৈবতের হাতে  
কে যেন পৌঁছে দেয়  
জীবনের প্রথম কবিতা  
পঁচিশে বৈশাখকে চিনে নেওয়া  
সহজ  
যেমন সহজ তোমার  
আহ্বানে সাড়া দেওয়া।

## এক নজরে সুতি ২নং পঞ্চায়েত সমিতি

ভৌগোলিক আয়তন : ৪২ বর্গ কিলোমিটার। পরিসীমা : উত্তরে সামসেরগঞ্জ ব্লক, দক্ষিণে সুতি ১নং ব্লক, পূর্বে ভাগীরথী নদী, পশ্চিমে সামসেরগঞ্জ ও সুতি ১নং ব্লক। অবস্থান : জঙ্গিপুর মহকুমার অন্তর্গত ও জঙ্গিপুর থেকে ২৪ কিঃ মিঃ দূরে অবস্থিত। জনসংখ্যা : (১৯৮১ সালের সরকারী গণনা অনুযায়ী) ১,১৭,৬৩৪ জন। পুরুষ ৫৯,৩৩৮ জন। মহিলা-৫৮,২৯৬ জন। তপশীল জাতি ৫,৩০৭ জন। গ্রাম পঞ্চায়েতের সংখ্যা : ১০টি গ্রাম পঞ্চায়েতে মোট সদস্য সংখ্যা ১৬৫ জন। পঞ্চায়েত সমিতির মোট সদস্য সংখ্যা ৪৩ জন। পঞ্চায়েত সমিতি এলাকা থেকে নির্বাচিত জেলা পরিষদের সদস্য সংখ্যা ২ জন। মৌজার সংখ্যা ৪৭টি। কৃষি সেচ : মোট কৃষি কাজে কর্মরত চাষী ৫,৮৪৭ জন। এর মধ্যে ক্ষুদ্র চাষী ৯৩০ জন এবং প্রান্তিক চাষী ৪,৯১৭ জন। কৃষি কাজে নিযুক্ত মোট শ্রমিক ২৬,২৫৫ জন। সরকারী গভীর নলকূপ ২টি। শিল্প : এখানকার কুটির ও ক্ষুদ্র শিল্প বিড়ি। এই শিল্পে ১৯টি বড় ব্যবসায়ী ও ১৩টি ক্ষুদ্র ব্যবসায়ীর নিকট আনুমানিক ৮৫,০০০ ব্যক্তি কর্মরত আছেন। শিক্ষা : মহাবিদ্যালয় ১, মাধ্যমিক বিদ্যালয় ৮, উচ্চ মাদ্রাসা ১, জুনিয়র মাদ্রাসা ২, প্রাথমিক বিদ্যালয় ৭?, বয়স্ক শিক্ষাকেন্দ্র ৭, মহিলা মণ্ডল ৩। প্রাঃ স্বাস্থ্য কেন্দ্র ১, উপস্বাস্থ্য কেন্দ্র ২, যক্ষ্মারোগ নিরাময় কেন্দ্র ১। ভূমি সংস্কার নথিভুক্ত বর্গাদারের সংখ্যা ৩২৮ জন। পাট্টা প্রাপকদের সংখ্যা ১,৪৬৪ জন। গ্রামীণ পানীয় জল সরবরাহ : সরকারী নলকূপ মোট ১২৭২। এর মধ্যে ১৬১টি গভীর নলকূপ ও ১০০২টি সাধারণ নলকূপ চালু আছে বাকী ৩১টি গভীর ও ৭৮টি সাধারণ নলকূপ অকেজো অবস্থায় আছে। নদী : গঙ্গা ও কাঁকসা। বিভিন্ন উন্নয়নমূলক কাজের খতিয়ান : পরিকল্পনার নাম ১। গ্রামীণ ভূমিহীন সংস্থা

( ৩য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

# মে দিবস

'আজ তোমরা আমাদের টুঁটি টিপে ধরছ, কিন্তু আমাদের নীরবতা সেই কণ্ঠস্বরের চেয়েও অনেক বেশি শক্তিশালী হয়ে উঠবে, এমন দিন আসবে'।

(১৮৮৭ সালের ১১ই নভেম্বর যে শ্রমিকদের ফাঁসি-কাঠে মৃত্যুদণ্ড দেওয়া হয়েছিল তাঁদেরই শেষ কণ্ঠস্বর)

পশ্চিমবঙ্গ সরকার

জেলা তথ্য ও সংস্কৃতি বিভাগ, মুর্শিদাবাদ


## বিজ্ঞপ্তি

মোকাম জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

মোঃ নং ৫-৮৩ মানিজারী

দাবীকৃত টাকা ৯৩২-৭৯

ডিক্রিদার জামসেদ আলি পিতা ৺রিয়াজুদ্দিন সেখ, সাং গোঠা মদনপুর থানা সুতী

দেনদার ১। প্রতিভাসুন্দরী দেবী স্বামী শিবচন্দ্র ঘোষ

২। ভারতী দাসী স্বামী শম্ভুনাথ বক্সী

৩। সুপ্রভারাণী সিংহ স্বামী বিজয়কুমার সিংহ

সর্ব্ব সাং হিলোড়া থানা সুতী

তপশীল

১। জেলা মুর্শিদাবাদ থানা সুতী মৌজা হিলোড়া মধ্যে সালিয়ানা ৪॥ টাকা জমার অন্তর্গত

| খং নং | দাগ নং | পরিমাণ |
|---|---|---|
| ২৮৬৬ | ৭০৪৬ | ২০॥০ |
| | ৭০৪৮ | ২৩।০ |

৪৪ শতক রায়তস্থিতিবান পরভামত

খাজনা ২॥ টাকা মূল্য ৫০০্

২। জেলাদী ঐ মৌজা ঐ মধ্যে সালিয়ানা ।৶২ আনা জমার অন্তর্গত

| খং নং | দাগ নং | পরিমাণ |
|---|---|---|
| ১৪৯২ | ৭৩৭৭ | ৩৭ মধ্যে ১৩ রায়তস্থিতিবান |

খাজনা। চার আনা মূল্য ১৫০্

৩। জেলাদী ঐ মৌজা ঐ মধ্যে সালিয়ানা ১৫।৬ পাই জমার অন্তর্গত

| খং নং | দাগ নং | পরিমাণ |
|---|---|---|
| ৩৯৬৮ | ৮২২৪ | ৬ মধ্যে ১॥০ শতক |
| | ৮২২৬ | ৪৭ ,, ১২ ,, |
| | ৭৯৮০ | ৯৭ ,, ৪৮॥০ ,, |

৬২ শঃ রায়তস্থিতিবান মূল্য ২০০্ খাজনা ॥০

৪। জেলাদী ঐ মৌজা গাস্তিরা সালিয়ানা ⁄৬ পাই জমা মধ্যে

| খং নং | দাগ নং | পরিমাণ |
|---|---|---|
| ১১৮১ | ৩৮৩৪ | ০২ শতক রায়তস্থিতিবান মূল্য ১৫্ |

By order of
Sheristader, Munsif Ist Court, Jangipur

## বিপুল উদ্দীপনার সঙ্গে মে দিবস উদ্‌যাপিত

রঘুনাথগঞ্জ : স্থানীয় সি পি আই (এম) বিপুল উদ্দীপনার মধ্যে ঐতিহাসিক 'মে দিবস পালন করেন। সকালে দলীয় কার্য্যালয়ে রক্তপতাকা উত্তোলন করে দিবসের সূচনা হয়। পতাকা উত্তোলন করেন লোকাল কমিটির সম্পাদক প্রাণবন্ধু মাল। শহীদ বেদিতে ও প্রয়াত জাতীয় ও আন্তর্জাতিক কম্যুনিষ্ট আন্দোলনের নেতৃবৃন্দের প্রতিকৃতিতে মাল্যদান করা হয়। সিটু পরিচালিত পৌর কর্ম্মীদের কার্য্যালয়ে পতাকা উত্তোলন করেন সম্পাদক শৈলেন মুখার্জী। মহকুমা মোটর এমপ্লয়িজ সংগঠনের দপ্তরে পতাকা উত্তোলন করেন সম্পাদক বালক মুখার্জী। বিকালে ফুলতলায় এক শ্রমিক সমাবেশে শিক্ষক, কৃষক, শ্রমিক কর্ম্মচারীদের সাথে অংশগ্রহণ করেন ছাত্র, যুব সংগঠনগুলি। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জগদিন্দু সান্যাল। বক্তব্য রাখেন স্থানীয় নেতৃবৃন্দের মধ্যে মৃগাঙ্ক ভট্টাচার্য্য, মহঃ গিয়াসুদ্দিন, বালক মুখার্জী, উদয় ঘোষ। গণনাট্য সংঘ গণ সঙ্গীত ও গীতি আলেখ্য পরিবেশন করেন।

## মত্ত অবস্থায় স্ত্রীকে হত্যা

সাগরদীঘি : গত ২ মে এই থানার পাথগুা গ্রামের পারু মুরমু নেশাগ্রস্ত অবস্থায় মাঠের মধ্যে তার স্ত্রী চুরকী বাসকীর মাথায় রড দিয়ে আঘাত করে। সে জ্ঞান হারিয়ে ফেলে। মাঠের লোকেরা তাকে বাড়ী নিয়ে গেলে সেখানে সে মারা যায়। পুলিশ পারুকে গ্রেপ্তার করে।

## এক নজরে সূচী

(২য় পৃষ্ঠার পর)

নিশ্চয়তা প্রকল্প, সৃষ্ট শ্রম দিবস ৫২,০৬০, সৃষ্ট সম্পদ গ্রাম্য রাস্তা ৩টি ১৫ ফুট, কালভার্ট ১টি, সমাজ ভিত্তিক বন সৃজন, নূতন স্কুল, বাড়ী নির্মাণ ২টি, পুরাতন স্কুল বাড়ী সংস্কার ৩টি।

২। জিলা পরিকল্পনা সৃষ্ট শ্রম দিবস ১৮৪১১, গ্রাম্য রাস্তা ৩টি।

(মহকুমা তথ্য দপ্তর)

## বিজ্ঞান প্রবণতা ও মেধা অনুসন্ধান পরীক্ষা

সংবাদদাতা : সর্ব্ব ভারতীয় বিজ্ঞান প্রবণতা ও মেধা অনুসন্ধান পরীক্ষা সম্বন্ধীয় আঞ্চলিক আহ্বায়ক রঘুনাথগঞ্জ উচ্চ বিদ্যালয়ের শিক্ষক অনুপ চক্রবর্ত্তী জানান, উক্ত পরীক্ষা রঘুনাথগঞ্জ উচ্চ বিদ্যালয় কেন্দ্রে আগামী ২৫ সেপ্টেম্বর অনুষ্ঠিত হবে। প্রাথমিক স্তর থেকে উচ্চ মাধ্যমিক স্তর পর্যন্ত যে কোন ছাত্রছাত্রী উক্ত পরীক্ষায় অংশগ্রহণের জন্য দরখাস্ত করতে পারে। পরীক্ষা দিতে ইচ্ছুক ছাত্রছাত্রীদের নিজ নিজ বিদ্যালয়ের মাধ্যমে রঘুনাথগঞ্জ উচ্চ বিদ্যালয়ে যোগাযোগ করতে হবে। সফল ছাত্রছাত্রীদের কেন্দ্র-ভিত্তিক এবং প্রদেশ স্তরে পুরস্কৃত করা হবে। পরীক্ষার ফি বাবদ চতুর্থ শ্রেণী ডি গ্রুপ তিন টাকা, পঞ্চম ষষ্ঠ শ্রেণী সি গ্রুপ চার টাকা, সপ্তম অষ্টম শ্রেণী বি গ্রুপ পাঁচ টাকা, নবম ও দশম শ্রেণী এ গ্রুপ ছয় টাকা দিতে হবে। একাদশ ও দ্বাদশ শ্রেণীর কোন ফি লাগবে না। দরখাস্ত ফি জমা দেবার শেষ তারিখ আগামী ৭ আগষ্ট।

## বধূর উপর দানবীয় নির্যাতন

রঘুনাথগঞ্জ : সম্প্রতি স্থানীয় আইলের উপর গ্রামের জনৈক প্রামাণিক পরিবারের গৃহবধূ সন্ধ্যাকে শ্বশুর, শাশুড়ী, ভাসুর ও স্বামীর দানবীয় নির্যাতনে গুরুতর আহত অবস্থায় হাসপাতালে ভর্ত্তি হতে হয়। খবরে প্রকাশ, পণের সোনাদানা নিয়ে বিয়ের পর থেকে শ্বশুরালয়ের অত্যাচারে বধূটিকে বাপের বাড়ী ফিরে যেতে হয়। পরে তার স্বামী আর কোন নির্যাতন হবে না বলে সন্ধ্যাকে নিজের বাড়ীতে নিয়ে আসে। তারপরই শুরু হয় পণকে কেন্দ্র করে নানারূপ গঞ্জনা। ঘটনার দিন রাত্রে অবস্থা চরমে পৌঁছায়। শ্বশুর শাশুড়ী, ভাসুর ও স্বামী একত্রে সন্ধ্যার উপর পৈশাচিক অত্যাচার চালায়! পরনের কাপড় খুলে তাকে সম্পূর্ণ উলঙ্গ করে দেয়। এরপর একটি ড্রব্যাটারী টর্চ্চ তার গোপন অঙ্গে প্রবেশ (শেষ পৃষ্ঠায়)

## বিদ্যুৎ টাওয়ারের কাজে

( ১ম পৃষ্ঠার পর )

সামসেরগঞ্জে ২টি এবং সুতীতে ৯টি মোট ১৫টি টাওয়ারই ত্রুটি পূর্ণ অবস্থায় চালু করা হয়েছে। বর্ষা এসে গেলে অবস্থা আরোও ভয়াবহ হয়ে উঠবে। নীচু জায়গাগুলো জল ভরে গেলে এ্যাঙ্গেলের কাজও করা যাবে না। স্থানীয় মানুষের দাবী বর্ষার আগেই টাওয়ারগুলো ত্রুটি মুক্ত করে বিপর্যয় এড়ানোর ব্যবস্থা করা হোক।

## টাকা আদায় করা হচ্ছে

( ১ম পৃষ্ঠার পর )

দিন কয়েক পর গঙ্গাপ্রসাদের কিছু গরু ব্যবসায়ী হাট থেকে গরু নিয়ে ফেরার সময় ফুলবাড়ী গ্রামের লোকেরা তাদের বাধা দেয় ও গরুগুলোকে আটক করে রাখে। ব্যাপারীরা খালি হাতে রঘুনাথপুর ঘাট হয়ে গঙ্গাপ্রসাদে ফিরে যেতে বাধ্য হয়। ফুলবাড়ী ও সাহেবনগরের ক্ষুব্ধ গ্রামবাসীরা যৌথভাবে থানায় অভিযোগ করলে, রঘুনাথগঞ্জ ও সাগরদীঘি থানা যুগ্ম অভিযান চালিয়ে গত ২৮ এপ্রিল রাত্রে এ অঞ্চলের চম্বল নামে খ্যাত গঙ্গাপ্রসাদ গ্রাম থেকে ২৩টি বলদ ও ২টি মোষ উদ্ধার করে। অভিযানের সংবাদ আগাম জানতে পেরে দুর্বৃত্তরা গ্রাম ফাঁকা করে অন্যত্র আত্মগোপন করে বলে পুলিশ জানায়।

## বধূর উপর দানবীয় নির্যাতন

( ৩য় পৃষ্ঠার পর )

করানোর চেষ্টা করে। হাঁসুয়া দিয়ে গোপন অঙ্গ চিরে দেয়। মুখ বাঁধা থাকায় সে চিৎকার করতে পারে না। হঠাৎ মুখের কাপড় সরিয়ে সে চীৎকার করে উঠলে লোক জমে যায়। আসামীরা সরে পড়ে। গ্রামবাসীরা আহত সন্ধ্যাকে রক্তাক্ত অবস্থায় হাসপাতালে ভর্ত্তি করে। গ্রামবাসীদের অভিযোগ পুলিশ আসামীদের গ্রেপ্তার করছে না। রহস্যজনকভাবে এমন নরম ধারায় মামলা রুজু করেছে যার ফলে তারা সহজেই জামিন পায়। সন্ধ্যার বাবা পুলিশের বিরুদ্ধে অসততার অভিযোগ তোলেন। তিনি তাঁর মেয়ে সুস্থ হলে হাসপাতালের সার্টিফিকেট নিয়ে পৃথক ভাবে মামলা করবেন বলে জানান।

## ভারত বাংলাদেশ সীমান্তে ১৪৪ ধারা

মুর্শিদাবাদের জেলা শাসক বিশেষ আদেশ বলে, ভারত বাংলাদেশ সীমান্তে নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদি ও গবাদি পশুর চোরাচালান বন্ধের জন্য এবং শান্তি শৃংখলা ভঙ্গের আশংকায় সীমান্তের ৮ কিঃ মিঃ-র মধ্যে সন্ধ্যা ৬টা থেকে সকাল ৬টা পর্য্যন্ত ১৪৪ ধারার নিষেধাজ্ঞা জারী করেছেন। এই আদেশবলে সীমান্তের ৮ কিঃ মিঃ এর মধ্যে হাট, বাজার অথবা অন্য কোনও স্থানে চোরাচালান। অনুপ্রবেশ বন্ধের জন্য টেম্পো, মোটরকার, ট্রাক, রিক্সা, ঠেলাগাড়ী, পশুবাহিত গাড়ীর চলাচল সন্ধ্যা ৬টা থেকে সকাল ৬টা পর্য্যন্ত নিষিদ্ধ করা হয়েছে। জাতীয় সড়ক ( কোলকাতা, শিলিগুড়ি রাস্তা ) অথবা বহরমপুর থেকে জঙ্গিপুর জাতীয় সড়ক দিয়ে যাতায়াতকারী রাষ্ট্রীয় পরিবহনের বাস, মৎস্যজীবিগণ কর্তৃক মৎস্যচাষের সরঞ্জাম বহন, লাইসেন্সপ্রাপ্ত ঔষধের দোকান কর্তৃক ঔষধ পরিবহণ এর আওতায় পড়বে না। এই আদেশ থেকে অব্যাহতি পাওয়ার জন্য লিখিতভাবে জেলা শাসক, অতিরিক্ত জেলা শাসক, মহকুমা শাসক, ব্লক উন্নয়ন আধিকারিক এবং পুলিশ ষ্টেশনের দায়িত্বপ্রাপ্ত আধিকারিকের নিকট আবেদন করতে হবে। এই আদেশ ১লা এপ্রিল, ১৯৮৮ থেকে কার্য্যকর হয়েছে।

( জেলা তথ্য )

## এ্যাডভোকেটের বিরুদ্ধে

( ১ম পৃষ্ঠার পর )

ঐ অর্ডারের কপি পাঠিয়ে বার থেকে যথাযথ ব্যবস্থা নিতে আদালত অনুরোধ জানিয়েছেন। 'বারের সম্পাদক এ্যাডভোকেট প্রশান্ত সিংহের সঙ্গে এ ব্যাপারে যোগাযোগ করলে তিনি বলেন—কপি তাঁরাও পেয়েছেন। কমিটির মিটিংও ডাকা হয়েছে। সেখানে যে সিদ্ধান্ত হবে সেই মত কাজ করা হবে। উল্লেখ্য, বেশ কয়েক বছর পূর্বেও এ্যাডভোকেট চক্রবর্ত্তী জি, আর, ওর ফাইল থেকে একটি নথি সরানোর অভিযোগে অভিযুক্ত হয়েছিলেন।


প্রিয় গ্রাহক
আপনারা নীচে উল্লেখিত ব্র্যান্ডগুলির
প্রতিটি ঠান্ডা বোতলের জন্য
২টা: ৭৫ প:
দাম দেবেন

গোল্ডস্পট, থ্রিল, ফিজা
লিমকা, স্প্রিন্ট, ফেরিনি—১১ আপ
থাম্‌স আপ, রাশ, ফেরিনি—ম্যাঙ্গো
রিমঝিম, মুড, ফেরিনি পাইনাপেল
মাজা, অরেঞ্জ, ফেরিনি লেমোনেড
বিজলী গ্রীল আইসক্রীম সোডা, জেস্ট পাইনাপেল

গ্রাহকদের স্বার্থে ঠান্ডা পানীয় প্রস্তুতকারক
কোম্পানী-গুলির দ্বারা একযোগে বিজ্ঞাপিত



যৌতুকে VIP
সকল অনুষ্ঠানে VIP
ভ্রমণের সাথী VIP
এর জুড়ি কি আর আছে!
সংগ্রহ করতে চলে আসুন তুলুর দোকানের
VIP সেন্টারে
এজেন্ট
প্রভাত ষ্টোর (তুলুর দোকান)
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ



বসন্ত মালতী
রূপ প্রসাধনে অপরিহার্য
সি, কে, সেন এ্যাণ্ড কোং
লিমিটেড
কলিকাতা ॥ নিউ দিল্লী



ভারতের বিভিন্ন প্রদেশ থেকে সযত্নে সংগৃহীত সর্বপ্রথম বিপুল সমাবেশ
ধন্নালাল মোহনলাল জৈন
জৈন কলোনী, পোঃ ধুলিয়ান
জেলা মুর্শিদাবাদ, ফোন ধুলিয়ান ৫
জঙ্গিপুর মহকুমায় এই প্রথম VIMAL এর সার্টিং, সুটিং ও শাড়ির রিটেল কাউন্টার এবং জেলার যে কোন বস্ত্র প্রতিষ্ঠান অপেক্ষা অনেক কম মূল্যে সব রকম বস্ত্র সংগ্রহের জন্য আপনাদের সাদর আমন্ত্রণ জানাচ্ছি।



ফ্রি সেলে নন লেভি এ সি সি, এল এণ্ড টি সিমেন্ট রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুরে সরবরাহ করে থাকি
কোম্পানীর অনুমোদিত ডিলার
ইউনাইটেড ট্রেডিং কোং
প্রোঃ রতনলাল জৈন
পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)
ফোন জঙ্গিঃ ২৫, রঘুঃ ১৬৬


রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।